গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষিই সমৃদ্ধি

প্রকল্প পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ডের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প
তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

স্মারকনং-তুলা/গবে-প্রকল্প/নিয়োগ/২০১১-৪৩
তারিখ : ১২-০১-২০১২ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

"তুলা উন্নয়ন বোর্ডের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্প এর আওতায় নিম্নবর্ণিত পদসমূহে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে (প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য) নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	বেতন গ্রেড ও মূল বেতন	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	বৈজ্ঞানিক কর্মকর্তা	৯ম গ্রেড ১১,০০০/-	৭টি	অনুর্ধ ৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি.এজি (অনার্স)/বিএসসি.এজি/বিএসসি. কৃষিঅর্থনীতি ডিগ্রিধারী। সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
২।	প্লানিং ও মনিটরিং কর্মকর্তা	৯ম গ্রেড ১১,০০০/-	১টি	অনুর্ধ ৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি. এজি(অনার্স)/ বিএসসি.এজি/বিএসসি. কৃষি অর্থনীতি ডিগ্রিধারী।
৩।	বৈজ্ঞানিক সহাকরী	১১ তম গ্রেড ৬,৪০০/-	৭টি	অনুর্ধ ৩০ বছর	কৃষি ডিপ্লোমাধারী। গবেষণা প্রতিষ্ঠানে তথ্য সংগ্রহ ও গবেষণা কাজে সহায়তার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৪।	ডাটাএন্ট্রি অপারেটর	১১তম গ্রেড ৬,৪০০/-	১টি	অনুর্ধ ৩০ বছর	স্নাতক ডিগ্রিধারী। কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতা এবং সাধারণভাবে ব্যবহৃত এপ্লিকেশন সফটওয়্যার;এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, এমএস পাওয়ার পয়েন্ট, এমএস এক্সেস এর কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
৫	হিসাব রক্ষক	১২ তম গ্রেড ৫,৫০০/-	১টি	অনুর্ধ ৩০ বছর	বি.কম (অনার্স)/ বি.কম ডিগ্রি ধারী। হিসাব সহকারী/ ক্যাশিয়ার পদে চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
৬।	ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট	১৮ তম গ্রেড ৪,৪০০/-	৫টি	অনুর্ধ ৩০ বছর	বিজ্ঞান বিভাগে এসএসসি পাস।

শর্তাবলী :

১। আগ্রহী প্রার্থীগণকে **প্রকল্প পরিচালক, "তুলা উন্নয়ন বোর্ডের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড, খামাবাড়ি, ৩য় বিল্ডিং, ৫ম তলা, ফার্মগেট, ঢাকা-১২১৫** এই ঠিকানায় আগামী ০৬-০২-২০১২ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাক যোগে দরখাস্ত পৌঁছাতে হবে। আবেদনপত্র হাতে হাতে বা অগ্রীম কপি গ্রহণ যোগ্য নয় এবং র্নিধারিত তারিখ ও সময়ের পর ডাকযোগে বা অন্যকোন ভাবে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

২। দরখাস্তে (ক) পদের নাম (খ) প্রার্থীর নাম (গ) পিতা/স্বামীর নাম (ঘ) মাতার নাম (ঙ) বর্তমান ঠিকানা (পত্র যোগাযোগের ঠিকানা) (চ) স্থায়ী ঠিকানা (ছ) নিজ জেলা (জ) জন্ম তারিখ (ঝ) ০৬-০২-২০১২ ইং তারিখে বয়স (ঞ) জাতীয়তা (ট) ধর্ম (ঠ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ/শ্রেণী/জিপিএ, বোর্ড/বিশ্ববিদ্যালয় উল্লেখসহ) (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৩।০৬-০২-২০১২ ইং তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পরন্ত শিথিলযোগ্য।

৪। একজন প্রার্থী যে কোন একটি পদে আবেদন করতে পারবেন ।

৫। সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬।নির্বাচিত প্রার্থীগণ প্রকল্প এলাকার যে কোন স্থানে চাকুরী করতে বাধ্য থাকবেন।

৭। প্রার্থীকে অবশ্যই দরখাস্তের সাথে ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি, খ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি গ) নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি (স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশন সমূহের

সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) (ঘ) অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদ পত্র (চ) জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে) সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, সকল সনদ পত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ সীল) হতে হবে।

৮। মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ পত্রের সত্যায়িত কপি এবং এতিম প্রতিবন্ধী, উপজাতীয় ও আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে "প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা" এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর অথবা সিটিকর্পোরেশন সমূহের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১০। খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদন পত্রের সাথে প্রার্থীর নাম, বর্তমান ঠিকানা উল্লেখ করে ৪ (চার) টাকা মূল্যে মানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫X৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১১। আবেদন পত্রের সাথে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংক হতে ট্রেজারী চালানের মাধ্যমে প্রকল্প পরিচালক, তুলা উন্নয়ন বোর্ডের গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের বরাবরে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুই শত) টাকা এবং ৩ হতে ৫নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৬ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরত যোগ্য) কোড নং ১–৪৩৩৯–৫০১০ –২০৩১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানপূর্বক চালানের মূল কপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

১২। ত্রুটিপূর্ণ অথবা অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। সকল ক্ষেত্রে বেতন অর্থ বিভাগের সার্কুলার, ডিপিপি এবং সরকারী বিধিমোতাবেক সর্বসাকুল্য হারে প্রদান করা হবে।

১৪। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/ সাক্ষাতকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধিমোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মো: আখতারুজ্জামান)
প্রকল্প পরিচালক
তুলা উন্নয়ন বোর্ডের গবেষণা কার্যক্রম
শক্তিশালীকরণ প্রকল্প